

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
ক্ষেতলাল, জয়পুরহাট  
www.fisheries.khetlal.joypurhat.gov.bd

বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত অবহিতকরণ সভার জুলাই/২০২৩খ্রি. হতে সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের কার্যবিবরণী  
টিম লিডার : মোঃ কামরুজ্জামান, উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:), ক্ষেতলাল, জয়পুরহাট।

সভার স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ, ক্ষেতলাল, জয়পুরহাট।

তারিখঃ ০৯/০৭/২০২৩ খ্রি.

সময়ঃ বেলা ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা ও স্বাক্ষর ক'তে দেখানো হলো।

উপজেলা মৎস্য কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট মহোদয়ের সম্মেলন জুলাই/২০২৩খ্রি. হতে সেপ্টেম্বর/২০২৩ খ্রি.. মাস পর্যন্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই তিনি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিবকে আহ্বান জানান। কমিটির সদস্য সচিব বলেন সরকারি দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিশ্রুত সেবা, সেবা প্রদান পদ্ধতি এবং সেবা অথবা পণ্যের মান সম্পর্কে যে কেউ অসন্তোষ বা মতামত ওয়েবসাইটের মাধ্যমে জানালে অভিযোগ দাখিল করার পর SMS ও ই-মেইলের মাধ্যমে অভিযোগ প্রতিকারের সর্বশেষ অবস্থা সম্পর্কে তাকে জানাতে হবে। তবে অজ্ঞাতনামা হিসেবে অভিযোগ দাখিল করলে অভিযোগ সম্পর্কে পরবর্তী কোনো তথ্য পাওয়া যাবে না। উপজেলা মৎস্য দপ্তর এর আওতাধীন প্রতিশ্রুত সেবাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে যাতে কেউ কোন অভিযোগ করতে না পারে। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

#### সিদ্ধান্তঃ

উপজেলা মৎস্য দপ্তর এর সকল সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতিপালন করতে হবে। কেউ অভিযোগ করলে অভিযোগ প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ কামরুজ্জামান  
উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:)  
ক্ষেতলাল, জয়পুরহাট।  
ও টিম লিডার  
অভিযোগ প্রতিকার ব্যবস্থা কমিটি।